13918 - রোযা রেখে বিরে প্রস্তাব দেয়া নারীর সাথে কথাবার্তা বলা

প্রশ্ন

কোন মুসলিমের জন্য রোযা রেখে যে নারীকে বিরে প্রস্তাব দিয়েছেন তার সাথে টেলিফোনে কথা বলা কি জায়েয?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

বিরে প্রস্তাব দেয়া নারীর সাথে কথা বলার কিছু শর্ত রয়েছে। 13791 নং প্রশ্নোত্তরে সে শর্তগুলো বিস্তারিত পাবেন।

যদি এ শর্তগুলো পরিপূর্ণ হয়; বিশেষতঃ যৌন উত্তেজনা জাগে উঠা থেকে নিরাপদ থাকা যায় এবং কথা বলার প্রয়োজন হয় তাহলে সেটা জায়েয হবে। আর যদি শর্তগুলোর কোন একটি পরিপূর্ণ না হয় সেক্ষেত্রে এই কথা বলাটা শরিয়তে নিষিদ্ধ বিষয়ের মধ্যে পড়বে। যদি রোযা অবস্থায় কোন শরয়ি সীমালঙ্ঘন সংঘটিত হয় তাহলে সেটা রোযার উপর সওয়াব কমানোর প্রভাব ফেলবে। আর সীমালঙ্ঘনটি মির্যাদাপূর্ণ সময়ে সংঘটিত হওয়ায় এর গুনাহ জঘন্যতর হবে। কেননা রোযাদারের উচিত তার রোযাকে ক্ষতিগ্রস্ত করে ও সওয়াব কমিয়ে ফেলে এমন কিছু থেকে বেঁচে থাকা।